গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ:
০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.২৩.৪৭৫

**বিষয়: পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP)-এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহার।**

সূত্র: সৈয়দা রিজওয়ানা হাসান, মাননীয় উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ২৯ আগস্ট ২০২৪ তারিখের ২২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২৩.৩৭৭ সংখ্যক আধা-সরকারিপত্র।

উপর্যুক্ত বিষয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে প্রাপ্ত আধা-সরকারিপত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

প্লাস্টিকের ব্যাপক ব্যবহারজনিত সৃষ্ট দূষণ বিশেষতঃ সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী হতে সৃষ্ট দূষণ পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি হিসেবে বিরাজ করছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণকল্পে সিঙ্গেল ইউজ প্লাস্টিক-এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যেপরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা কর্তৃক আধা-সরকারিপত্রের মাধ্যমে সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রীর পরিবর্তে নিম্নোক্ত প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহারের জন্য অনুরোধ জানানো হয়েছে:

ক) প্লাস্টিকের ফাইল, ফোল্ডারের পরিবর্তে কাগজ বা পরিবেশবান্ধব অন্যান্য সামগ্রীর তৈরি ফাইল ও ফোল্ডার ব্যবহার করা;
খ) প্লাস্টিক ব্যাগের পরিবর্তে কটন/জুট ফেব্রিকের ব্যাগ ব্যবহার করা;
গ) প্লাস্টিকের পানির বোতলের পরিবর্তে কাঁচের বোতল ও কাঁচের গ্লাস ব্যবহার করা;
ঘ) প্লাস্টিকের ব্যানারের পরিবর্তে কটন ফেব্রিক, জুট ফেব্রিক বা বায়োডিগ্রেডেবল উপাদানে তৈরি ব্যানার ব্যবহার করা;
ঙ) দাওয়াত পত্র, ভিজিটিং কার্ড ও বিভিন্ন ধরনের প্রচার পত্রে প্লাস্টিকের লেমিনেটেড পরিহার করা;
চ) বিভিন্ন সভা/সেমিনারে সরবরাহকৃত খাবারের প্যাকেট যেন কাগজের হয়/পরিবেশ বান্ধব হয় সেটি নিশ্চিত করা;
ছ) একবার ব্যবহার্য প্লাস্টিকের প্লেট, গ্লাস, কাপ, স্ট্র, কাটলারিসহ সকল ধরনের পণ্য পরিহার করা;
জ) প্লাস্টিকের কলমের পরিবর্তে পেনসিল/কাগজের কলম ব্যবহার করা;
ঝ) বার্ষিক প্রতিবেদনসহ সকল ধরনের প্রকাশনায় লেমিনেটেড মোড়ক ও প্লাস্টিকের ব্যবহার পরিহার করা এবং
ঞ) ফুলের তোড়াতে প্লাস্টিকের ব্যবহার বন্ধ করা।

০২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণের লক্ষ্যে তাঁর মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ৩ পৃষ্ঠা

০৫-০৯-২০২৪
মোঃ সাজ্জাদুল হাসান
যুগ্মসচিব
৫৫১০০৯৭১ (ফোন)
৯৫১২২১৩ (ফ্যাক্স)
general_sec@cabinet.gov.bd

বিতরণ:

১। সিনিয়র সচিব/সচিব (সকল);

২। বিভাগীয় কমিশনার (সকল) এবং

৩। জেলা প্রশাসক (সকল)।

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.২৩.৪৭৫/১(৪)

তারিখ: ২১ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়;

২। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ;

২। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ;

৩। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (যুগ্মসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ এবং

৪। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫-০৯-২০২৪
মোঃ সাজ্জাদুল হাসান
যুগ্মসচিব

**সকল সংযুক্তিসমূহ:**


(১) আধা-সরকারিপত্রের ছায়ালিপি


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১, সেগুন বাগিচা ঢাকা-১০০০।
www.dnc.gov.bd


তারিখ: ১৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫৮.০২.০০০০.০০৬.০০.০০২.২৩.৪০

বর্ণিত পত্রের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।



৩০-০৯-২০২৪
মোঃ আনোয়ার হোসেন
উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)
ddppd@dnc.gov.bd

**স্মারক নম্বর:** ৫৮.০২.০০০০.০০৬.০০.০০২.২৩.৪০/১ (৯)

তারিখ: ১৫ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা/ অপারেশন্স/ চিকিৎসা ও পুনর্বাসন/ নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;

২। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা;

৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা;

৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/রংপুর/ ময়মনসিংহ/ গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা;


৫। উপপরিচালক/ সহকারী পরিচালক/ রাসায়নিক পরীক্ষক/ সহকারী রাসায়নিক পরীক্ষক/ সিনিয়র কনসালটেন্ট/ মেডিকেল অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ বিভাগীয় কার্যালয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/ মেট্রো কার্যালয়/ জেলা কার্যালয়/ টেকনাফ বিশেষ জোন/ বিভাগীয় নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা;

৬। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);

৭। মহাপরিচালকের স্টাফ অফিসার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);

৮। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং

৯। অফিস কপি।



৩০-০৯-২০২৪
মোঃ আনোয়ার হোসেন
উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)